

## বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী, চট্টগ্রাম

চট্টগ্রাম-৪৩৪৯।

পিএইচ-ডি/এম.এস-সি ইঞ্জিঃ/এম.ইঞ্জিঃ/এম.ফিল কোর্সে

### ভর্তি বিজ্ঞপ্তি

বিআইটি, চট্টগ্রামের ২০০১-২০০২ শিক্ষাবর্ষের পুরকৌশল, যন্ত্রকৌশল ও ভূমি ও ইলেকট্রনিক কৌশল বিভাগে পিএইচ-ডি /এম.এস-সি ইঞ্জিঃ/এম.ইঞ্জিঃ কোর্সে এবং পদার্থ বিদ্যা বিভাগে এম. ফিল কোর্সে নিয়মিত / খসড়াভিত্তিক ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

(ক) পিএইচ-ডি কোর্সে ভর্তির জন্য প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ স্বীকৃত সমতুল্য শিক্ষা প্রতিষ্ঠান হইতে এম.এস-সি ইঞ্জিঃ/এম.ইঞ্জিঃ ডিগ্রী অর্জন করিতে হইবে। যাহাতে GPA=2.75 out of 4.00 বা সমমান থাকিতে হইবে।

(খ) এম.এস-সি ইঞ্জিঃ/এম.ইঞ্জিঃ কোর্সে ভর্তির জন্য প্রার্থীকে বিআইটি/বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হইতে বি. এসসি ইঞ্জিনিয়ারিং বা ইহার সমতুল্য ডিগ্রী অর্জন করিতে হইবে।

(গ) এম. ফিল কোর্সে ভর্তির জন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়/কোন স্বীকৃত সমতুল্য শিক্ষা প্রতিষ্ঠান হইতে পদার্থ বিদ্যা বিষয়ে ভাল ফলাফলসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে।

(ঘ) নিয়মিত ভাল ছাত্র/ছাত্রীদের মধ্যে Teaching Assistantship দেওয়া হইবে।

উক্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে অফিস চলাকালীন সময়ে পরিচালক বিআইটি, চট্টগ্রাম এর অনুকূলে সোনালী ব্যাংক, বিআইটি শাখা চট্টগ্রাম এর উপর ২৫০/- পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান পূর্বক একাডেমিক শাখা হইতে ভর্তি ফরম সংগ্রহ করা যাইবে এবং তাহা পূরণ পূর্বক একই দপ্তরে সরাসরি বা ডাকযোগে ২৪/০৪/২০০২ ইং তারিখ পর্যন্ত জমা দেওয়া যাইবে। ভর্তির নিমিত্ত চূড়ান্ত ভাবে মনোনয়নের জন্য প্রার্থীকে আগামী ৩০/০৪/২০০২ইং তারিখ সকাল ১০ঃ৪০ টায় সংশ্লিষ্ট বিভাগে এক মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)  
বিআইটি, চট্টগ্রাম।